

কোমক্যাল এডুকেশনে রাজ্যের অধ্যাপকের সম্মান লাভ

আগরতলা

২১ নভেম্বর : সম্প্রতি আগরতলাস্থিত রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের প্রধান তথা সহকারী অধ্যাপক ড: অরিজিৎ দাস কোমক্যাল এডুকেশনে (উদ্ভাবনী স্মৃতিবর্ধনবিদ্যা) বিশ্ব চ্যাম্পিয়নশিপ-২০১৮ লাভ করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা International Agency for Standards and Ratings (IASR) ড: দাসকে 'ফাদার অব মডার্ন কোমক্যাল

এডুকেশন' উপাধি দিয়েছে। পাশাপাশি ড: দাসকে লাইফ টাইম ফেলোশিপের জন্য নিযুক্ত করেছে। জানা গেছে, মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা আইএএস আর গোটা বিশ্ব থেকে বিভিন্ন বিভাগে প্রতি বছর বাছাই করে ৫০০ জন বিজ্ঞানীকে বিশ্ব চ্যাম্পিয়নশিপ প্রদান করে। এ বছর ৫৮৪১টি নমিনেশনের মধ্যে কোমক্যাল এডুকেশনে গোটা বিশ্বের মধ্যে একমাত্র ভারত থেকে রাজ্যের গর্ব ড: দাস নির্বাচিত হয়েছেন।